



চকরিয়ায় বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী



সংগৃহীত ছবি

প্রধানমন্ত্রী তারেক রহমান কক্সবাজার সফরকালে ডুলাহাজারা সাফারি পার্কসংলগ্ন এলাকায় বৃক্ষরোপণের মাধ্যমে সারাদেশে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করবেন বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

শুক্রবার (১২ জুন) চকরিয়া পৌরসভার বাস টার্মিনাল এলাকায় প্রধানমন্ত্রীর জনসভাস্থল পরিদর্শন শেষে তিনি এ তথ্য জানান।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী হওয়ার পর এই প্রথম কক্সবাজার সফরে আসছেন তারেক রহমান। এ সফরকে ঘিরে জেলার মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা দিয়েছে।

তিনি জানান, প্রধানমন্ত্রীর কাছে কক্সবাজারের কয়েকটি গুরুত্বপূর্ণ দাবি তুলে ধরা হবে। এর মধ্যে রয়েছে লবণের ন্যায্যমূল্য নিশ্চিত করা, কক্সবাজার-চট্টগ্রাম মহাসড়ক ছয় লেনে উন্নীত করা এবং একটি ক্লব ইকোনমি ও মেরিন সায়েন্স বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা।

সালাহউদ্দিন আহমদ আরও বলেন, দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে ‘মাতামুহুরী’ নামে নতুন উপজেলা প্রতিষ্ঠার প্রস্তাব অনুমোদন পেয়েছে। প্রধানমন্ত্রীর সফরকালে মাতামুহুরী উপজেলা ও থানা প্রতিষ্ঠার ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে। পাশাপাশি পেকুয়া পৌরসভা গঠনের দাবিও অনুমোদন পেয়েছে।

সফরের অংশ হিসেবে প্রধানমন্ত্রী একটি জনসভায় ভাষণ দেবেন বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী।